ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# নিউজ সারাদিন



বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০৩৭ ● কলকাতা ● ২৫ মাঘ, ১৪৩১ ● শনিবার ● ০৮ ফেব্রুয়ারী ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## কাশ্মীরে সেনার গুলিতে খতম ৩ পাক সেনাকর্মী-সহ ৭ জঙ্গি!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

সীমান্তে সেনা ক্যাম্পে হামলার ছক বানচাল। অনুপ্রবেশ চলাকালীন জম্মু ও কাশ্মীরের পুঞ্চ জেলার কৃষ্ণাঘাটি সেক্টরে ৭ জঙ্গিকে খতম করেছে ভারতীয় সেনা। এই ৭ জনের মধ্যে ৩ জন পাকিস্তান সেনাকর্মী ব্যাট (B A T)-এর সদস্য। নিরাপত্তা বাহিনীর অনুমান, নিয়ন্ত্রণরেখা পেরিয়ে সেনা ক্যাম্পে হামলার ষড়যন্ত্র ছিল জঙ্গিদের।উল্লেখ্য, প্রতিবছর ৫ ফেব্রুয়ারি

এরপর ৩ পৃষ্ঠায়

# রাজধানী দিল্লিতে ভোট পর্ব শেষ হয়েছে কে গড়তে চলেছে সরকার



**বেবি চক্রবর্তী: দিল্লী**

-ভোট পর্ব শেষ হয়েছে রাজধানী দিল্লিতে। প্রার্থীদের ভাগ্য এখন বন্দি রয়েছে ইভিএমে। বিভিন্ন মহলে চর্চা চলছে, দিল্লির মসনদে কে বসতে চলেছে তা নিয়ে। আবারও কি ফিরে আসছে আপ? না এবার বদল ঘটবে? শুধু রাজধানী দিল্লি নয়, দিল্লির ভোট নিয়ে চর্চা গোটা দেশে।আ-সমুদ্র হিমাচলে দিল্লির এই ভোট নিয়ে আলোচনার শেষ নেই।কেউ বলছেন আবারও প্রত্যাবর্তন ঘটবে কেজিরিওয়ালের দলের আবার কেউ বলছেন এবার পরিবর্তন। এবার বিজেপির নেতৃত্বে সরকার গড়ে উঠবে এমন কথাও বলছেন অনেকেই। আগামী কাল ভোট গণনা। ওইদিন বেলা গড়াতেই স্পষ্ট হয়ে যাবে দিল্লির ক্ষমতায় কারা আসছে। মাঝে আর মাত্র একটা দিন। অপেক্ষার প্রহর গুনছেন রাজধানীর নাগরিকরা। দিল্লি বিধানসভায় মোট আসন ৭০টি। ম্যাজিক ফিগার ৩৬ টি। যারা ওই ম্যাজিক ফিগার অঙ্কে পৌঁছতে পারবে তারাই

এরপর ৩ পাতায়






# বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দোপাধ্যায়ের দাবি, "বিরোধী দলের নেতারা আসেন না অধ্যক্ষের ডাকা বৈঠকে"



**বেবি চক্রবর্তী: কলকাতা**

আগামী সোমবার থেকে রাজ্য বিধানসভার অধিবেশন শুরু হতে চলেছে। রাজ্যপালের ভাষণের মাধ্যমে এই অধিবেশন সূচনা হবে। এবারের অধিবেশন বিশেষ গুরুত্বপূর্ণ, কারণ এটি রাজ্য সরকারের শেষ পূর্ণাঙ্গ বাজেট অধিবেশন। বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দোপাধ্যায় জানিয়েছেন, সোমবার দুপুর ২টোয় রাজ্যপালের ভাষণ দিয়ে অধিবেশন শুরু হবে।এরপর বিকেল সাড়ে ৩টেয় মোশন অফ থ্যাঙ্কস নিয়ে আলোচনা হবে।

১২ ফেব্রুয়ারি, বুধবার বিকেল ৪টেয় রাজ্য বাজেট পেশ করা হবে। ১৩ ও ১৭ ফেব্রুয়ারি রাজ্যপালের ভাষণের ওপরে আলোচনা চলবে। ১৮ ফেব্রুয়ারি বাজেটের ওপর বিস্তারিত আলোচনা হবে, এবং ১৯ ফেব্রুয়ারি দফাওয়ারি গ্রান্ট নিয়ে আলোচনা হবে। বাজেট পেশের পর এটি স্ক্রুটিনি করা হবে এবং ১০ মার্চ থেকে দ্বিতীয় দফার আলোচনা শুরু হবে।

বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দোপাধ্যায়ের দাবি, "বিরোধী দলের নেতারা আসেন না অধ্যক্ষের ডাকা বৈঠকে। ওদের কিছু বলার থাকলে এখানে এসে বলতে পারত। ওরা বৈঠকে না এসে নানা কথা বলে।

রাজ্যপালকে আবার চিঠি দিয়েছি। যে বিল আটকে আছে। সেগুলোকে ছেড়ে দেওয়ার জন্য। কিছু বিল উনি রাষ্ট্রপতির কাছে পাঠিয়েছেন। তবে রাজ্যপাল বা রাষ্ট্রপতির কিছু রেকমেন্ড থাকলে জানাতে পারেন বিধানসভায়।

# সম্মান প্রদান



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

৪৮-তম আন্তর্জাতিক কলকাতা বইমেলায় নারায়ণ সান্যাল সভাগৃহে বিশিষ্ট কবি সুবোধ সরকার, প্রাথমিক শিক্ষা পর্ষদের সভাপতি অধ্যাপক ড. গৌতম পাল, প্রাক্তন মন্ত্রী ও কলামিস্ট পূর্ণেন্দু বসু, প্রাক্তন সাংসদ ও বিশিষ্ট প্রাবন্ধিক ড. মইনুল হাসান,গিল্ডের সাধারণ সম্পাদক সুধাংশুশেখর দে, সম্পাদক ফারুক আহমেদ, কবি ও গবেষক লিটন রাকিব প্রমুখরা সম্মান প্রদান করলেন আল আমিন মেমোরিয়াল মাইনোরিটি কলেজের অধ্যক্ষ ড.নূরুল হক সাহেবকে।

# কল্যাণীতে বাজি কারখানায় বিস্ফোরণ ঘটনায় প্রাণ গেল চার জনের

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**কল্যাণী :-** নদিয়ার বেআইনি বাজি কারখানায় বিস্ফোরণে ঘটনায় প্রাণ গেল চার জনের। সকলেরই ঝলসানো দেহ উদ্ধার হয়েছে। স্থানীয়দের কথায়, মৃতদের মধ্যে দু'জন মহিলা। কল্যাণী পুরসভার ২০ নম্বর ওয়ার্ডের রথতলায় যে এই বেআইনি বাজি কারখানা রয়েছে তাই নাকি জানতেন না স্থানীয় তৃণমূল কাউন্সিলর।



বেআইনি বাজি কারখানার বাড়বাড়ন্ত নিয়ে একাধিক প্রশ্ন উঠেছে বারবার। ঘিঞ্জি এলাকায় এমন সব কারখানা নিয়ে প্রতিবাদ জানিয়েও যে খুব একটা লাভ হয়েছে তা নয়। কল্যাণীর ঘটনা তো আরও এক কাঠি ওপরে। কারণ যেখানে বিস্ফোরণ ঘটেছে সেই ২০ নং ওয়ার্ডের তৃণমূল কাউন্সিলরের দাবি, এতদিন যে এখানে বাজি কারখানা ছিল সেটাই তিনি জানতেন না। তাঁর কথায়, "সবটা জানতে পারলাম এদিন বিস্ফোরণ হওয়ার পর। তবে এটা কোনও কারখানা নয়। একটা বাড়ির মধ্যে চলছিল।""পুলিশ-প্রশাসনের নাকের ডগায় এই বেআইনি 'কারখানা' এত দিন চলছিল কী করে, সেই নিয়েও প্রশ্ন তুলেছেন স্থানীয় বিজেপি বিধায়ক অম্বিকা রায়। তাঁর প্রশ্ন, "এরকম কিছু ঘটনা ঘটলে, তখন পুলিশ ব্যবস্থা করে। পুলিশ সবটাই জানত। এর থেকেই বোঝা যায় রাজ্যে আইন-শৃঙ্খলা বলে কিচ্ছু নেই।







(১ম পাতার পর)

# রাজধানী দিল্লিতে ভোট পর্ব শেষ হয়েছে কে গড়তে চলেছে সরকার

বাজিমাত করবে। ইতিমধ্যে সামনে এসেছে বিভিন্ন সংস্থার করা এক্সিট পোল। তাতে অবশ্য ক্ষমতা দখলের ক্ষেত্রে এগিয়ে রয়েছে বিজেপি। আবার বেশ কয়েকটি সংস্থার এক্সিট পোল জানান দিচ্ছে দিল্লিতে হতে চলেছে হাড্ডাহাড্ডি লড়াই। ত্রিশঙ্কু হওয়ার সম্ভাবনার কথাও উঠে এসেছে। তবে এক্সিট পোল নিয়ে মানুষের ভরসা ও বিশ্বাস তেমন আছে বলে মনে হয় না।বিভিন্ন নির্বাচনে এক্সিট পোল মিথ্যা প্রমাণিত হয়েছে। সে লোকসভা নির্বাচন বা বিভিন্ন রাজ্যের বিধানসভা নির্বাচনের ক্ষেত্রে। যদি গত লোকসভা নির্বাচনের কথা ধরা যায় তাহলেও স্পষ্ট হয়ে গিয়েছিল এক্সিট পোল কোন কাজে আসেনি। বিভিন্ন সংস্থার এক্সিট পোল গত লোকসভা নির্বাচনে জানান দিয়েছিল বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে ক্ষমতায় ফিরছে নরেন্দ্র মোদির নেতৃত্বাধীন সরকার। একেবারেই তা সঠিক হয়নি।

(১ম পাতার পর)

# কাশ্মীরে সেনার গুলিতে খতম ৩ পাক সেনাকর্মী-সহ ৭ জঙ্গি!

দিনটি 'কাশ্মীর একতা দিবস' হিসেবে পালন করে পাকিস্তান। এই দিনে অধিকৃত কাশ্মীরে একাধিক জঙ্গি সংগঠনের উপস্থিতিতে রচিত হয় ভারত বিরোধী ষড়যন্ত্র। বিশেষ এই দিনেই এহেন অনুপ্রবেশের ব্যর্থ চেষ্টা যথেষ্ট তাৎপর্যপূর্ণ। অন্যদিকে, এই দিনে লাহোরে আয়োজিত এক জনসভায় ভারত বিরোধী উস্কানি দিতে শোনা গিয়েছে হাফিজ সইদের পুত্র তলহা সইদকে। ওই সভা থেকে জঙ্গির পুত্র বলেন, আমি কাশ্মীরকে স্বাধিন করব। শুধু তাই নয়, ব্যাপক ভারত বিরোধী উস্কানি ও নাটকীয় প্রতিশ্রুতি নিতে দেখা যায় বহু জঙ্গিকে। প্রসঙ্গত, আন্তর্জাতিক চাপের মুখে বর্তমানে পাকিস্তানের জেলে বন্দি রয়েছে জঙ্গি হাফিজ সইদ। এই মঞ্চ থেকে পাক সরকারের কাছে তলহা আবেদন জানায় তাঁর বাবাকে মুক্ত করার জন্য।সূত্রের খবর, গত ৪-৫ ফেব্রুয়ারি রাতে চলে এই অভিযান।

সীমান্ত পেরিয়ে গোপনে ভারতের সেনাবাহিনীর উপর হামলা চালাতে অত্যন্ত দক্ষ এই ব্যাট সদস্যরা। কয়েক বছর আগেও এভাবে ভারতের মাটিতে বহু হামলা চালিয়েছে তারা। সম্প্রতি তেমনই হামলার ছক কষেছিল এই পাকিস্তান সেনা। জঙ্গি ও ব্যাট সদস্য মিলে সীমান্ত পারের চেষ্টা চালায়। এলওসি-তে সন্দেহজনক গতিবিধি নজরে আসতেই তৎপর হয়ে ওঠেন ভারতীর জওয়ানরা। সন্দেহভাজন জঙ্গিদের লক্ষ্য করে গুলি চালানো হয়। হামলায় মৃত্যু হয় ৭ জনের। প্রাথমিকভাবে জানা যাচ্ছে, একাধিক জঙ্গি ওইদিন সীমান্ত পারের চেষ্টা চালাচ্ছিল। ৭ জঙ্গি মারা যেতেই বাকিরা পাকিস্তানের দিকে পালিয়ে যায়।

# বিহারে বিজেপির ১২টা এমপি, বাংলাতেও একই, বাজেটে ওরা পেল, আমরা পেলাম না: অভিষেক



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

ভোটের সময় বিজেপি গুচ্ছ গুচ্ছ প্রতিশ্রুতি দিয়েছিল। কিন্তু তখতে বসার পর আর সেই প্রতিশ্রুতি পালন করছে না। এমনকী দেশের মানুষের কথা চিন্তা করে নয়, ভোটকে লক্ষ্য রেখেই কেন্দ্র বাজেট বরাদ্দ করেছে বলে সংসদে অভিযোগ করলেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। একই সঙ্গে কেন্দ্রের বঞ্চনা সত্ত্বেও ক্ষুদ্র শিল্প, স্বাস্থ্য, গ্রামীণ সড়ক যোজনা-সহ বিভিন্ন ক্ষেত্রে বাংলা কীভাবে এগিয়ে চলেছে তারও পরিসংখ্যান এদিন সংসদে তুলে ধরেন ডায়মন্ড হারবারের সাংসদ। অভিষেকের কথায়, "বাংলার উন্নয়নকে রুখে দেওয়ার চেষ্টা হচ্ছে। সেজন্য কেন্দ্রের বাজেটে বাংলার জন্য উল্লেখযোগ্য একটিও আর্থিক প্যাকেজ নেই। উল্টে বিভিন্ন প্রকল্পে বাংলার ১.৭ লক্ষ কোটি টাকা আটকে রেখেছে।"

টেনে আনেন নোটবন্দির প্রসঙ্গও। অভিষেকের কথায়,

এরপর ৫ পাতায়

# গাড়িতে নীল বাতি জ্বালিয়ে রক্ষী নিয়ে ঘুরতেন! চাকরি দেওয়ার নামে চন্দননগরে প্রতারণা করে ধৃত যুবক



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

নীল বাতি লাগানো গাড়িতে চেপে ঘুরে বেড়াতেন! সঙ্গে থাকতেন রক্ষীরা। অভিযোগ, নিজেকে উপকূলরক্ষী (কোস্ট গার্ড) বাহিনীর এডিজি বলে দাবি করতেন সুপ্রিয় মুখোপাধ্যায় নামে ওই ব্যক্তি। শেষ পর্যন্ত নিউ টাউনের অভিজাত এক আবাসন থেকে বৃহস্পতিবার রাতে গ্রেফতার করা হল ওই ব্যক্তিকে। তাঁর বিরুদ্ধে প্রতারণার অভিযোগ করেছিলেন চন্দননগরের এক ব্যক্তি।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, অভিযুক্ত নিজেকে উপকূলরক্ষী বাহিনীর এডিজি বলে পরিচয় দিতেন। চাকরি দেওয়ার নাম করে টাকা তুলছিলেন তিনি। নীল বাতি লাগানো গাড়ি চেপে রক্ষী নিয়ে ঘুরতেন। বিভিন্ন রাজ্যে ওই গাড়িতে চেপে ঘুরে বেড়াতেন। পুলিশ জেনেছে, ওই রক্ষীদের ভাড়া করেছিলেন সুপ্রিয়। নিত্য বিদেশে তাঁর যাতায়াত ছিল। স্থানীয়েরা দাবি করেছেন, বাড়িতে দুর্গাপুজোয় প্রচুর লোক খাওয়াতেন। চন্দননগর পুলিশ অভিযুক্তকে শুক্রবার চন্দননগর আদালতে হাজির করিয়ে নিজেদের হেফাজতে নিয়েছে। প্রতারণা করে কত টাকা হাতিয়েছেন, এখন তা জানতে চাইছে পুলিশ।

সেই অভিযোগের ভিত্তিতেই তদন্তে নেমে সুপ্রিয়কে গ্রেফতার করেছে পুলিশ।

ধৃত সুপ্রিয়ের বাড়ি চন্দননগরের বিন্দুবাসিনী পাড়ায়। গত মাসে চন্দননগর থানায় এক ব্যক্তি তাঁর বিরুদ্ধে প্রতারণার অভিযোগ দায়ের করেন। তার পরেই তদন্তে নামে পুলিশ। বৃহস্পতিবার রাতে নিউ টাউনের ডিএ ব্লক অ্যাকশন এরিয়া ওয়ানের আবাসনে অভিযান চালায় পুলিশ। তার পরে সুপ্রিয়কে গ্রেফতার করে। নীলবাতি লাগানো তাঁর গাড়িটিকেও আটক করে নিয়ে আসে পুলিশ। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধৃতের কাছে উপকূলরক্ষী বাহিনীর আধিকারিক হওয়ার কোনও প্রমাণ মেলেনি।

## সম্পাদকীয়

# সাহসী দৃশ্যে ঝড় তুলে ভাইরাল এষা গুপ্তা

বরাবরই সাহসী এষা গুপ্তা । ক্যামেরার সামনে হোক কিংবা পিছনে, কায়া প্রদর্শন নিয়ে তাঁর কোনও দিনই অসুবিধে ছিল না, নেইও। একাধিকবার টপলেস ফটোশুট করে চর্চার শিরোনামে উঠে এসেছেন। ট্রোলড, কটাক্ষের শিকারও হয়েছেন বহুবার। সিনেমার পর্দায় সেরকম একটা দেখা মেলে না তাঁর ঠিকই!এদিন মহাকুম্ভে যোগ দিয়েছিলেন প্রবীণ অভিনেত্রী নীনা গুপ্তাও। সেখান থেকেই আগামী ছবি 'বধ ২'-এর সফর শুরু করলেন তিনি অভিনেতা সঞ্জয় মিশ্রর সঙ্গে। ত্রিবেণী সঙ্গমে পুণ্যস্নানও করেনীনা গুপ্তা জানালেন, "জীবনে কোনওদিন এক ভিড় দেখিনি। সরকারকে ধন্যবাদ এত ভালো আয়োজন করার জন্য। দারুণ অভিজ্ঞতা।" প্রসঙ্গত, আমজনতার পাশাপাশি প্রয়াগরাজে ভিড় জমাতে শুরু করেছেন সেলেবরাও। ১৩ জানুয়ারি শুরু হওয়া মহাকুম্ভ ইতিমধ্যেই জমে উঠেছে ভক্ত ও সন্তদের উপস্থিতিতে। ৪৫ দিন ব্যাপী এই অনুষ্ঠানে বিদেশীরাও পূণ্যস্নানের জন্য ভিড় জমাচ্ছেন প্রয়াগরাজে। অনুপম খের, রেমো ডিসুজা, তানিশা মুখোপাধ্যায়, হেমা মালিনী, কোল্ড প্লের ক্রিস মার্টিন-সহ অনেক তারকাই ত্রিবেণী সঙ্গমে পুন্যস্নান সেরেছেন।তবে, সোশাল মিডিয়ায় বেশ সক্রিয় এষা। এবার মহাকুম্ভে যোগ দিয়ে ফের সংবাদের শিরোনামে অভিনেত্রী।

মা রেখা রেখা গুপ্তার সঙ্গে প্রয়াগরাজে গিয়েছেন এষা গুপ্তা। মহাকুম্ভে গিয়ে ত্রিবেণী সঙ্গমে গেরুয়া শাড়ি পরে আস্থার ডুব দিতেও দেখা গেল তাঁকে। শুধু তাই নয়, নিজেকে 'সনাতনী' বলে দাবি করে স্বামী বালকানন্দ গিরি মহারাজের সঙ্গেও দেখা করলেন এষা। এরপরই সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে অভিনেত্রীর সোজাসাপটা মন্তব্য, "অন্যদের নিয়ে টিপ্পনি কাটা বলিউড অভিনেতাদের কাজ নয়। তাঁদের কাজ অভিনয় করা। তাই আমি অন্যদের নিয়ে কোনও কথা বলতে চাই না। আমি এখানে অভিনেত্রী হিসেবে আসিনি। এসেছি ব্যক্তিগত কারণে। আমি সনাতন ধর্মের টানেই এসেছি। একজন কন্যা হিসেবে, ভারতীয় নাগরিক হিসেবে মহাকুম্ভে যোগ দিয়েছি।" এষা গুপ্তার বার্তা, "ধর্ম হোক বা কর্ম , যে কারণেই হোক না কেন, মহাকুম্ভে আসুন।" ইনস্টাগ্রামে বোল্ড অভিনেত্রীকে ট্র্যাডিশনাল পোশাকে দেখে অনেকে কটু মন্তব্যও করলেন।

# আদিশক্তি



মৃত্যুঞ্জয় সরদার
(একত্রিশতম পর্ব)



দত্ত সাংঘাতিক অসুস্থ হয়ে পড়লেন। চূড়ামণি বুঝতে পারলেন তাঁর মৃত্যু আসন্ন। তিনি তখন রূপোর চতুর্দোলায় বসে গঙ্গাযাত্রায় চললেন। নামাবলীর চন্দ্রাতপ, তুলসীমালার ঝালর, চারদিকে তুলসী গাছ, আর তার মধ্য চূড়ামণি দত্ত আসন করে বসে আছেন। তাঁর সর্বাঙ্গে হরিনামের ছাপ, পরনে রক্তবর্ণের চেলী, পিঠে নামাবলী ও গলায় এবং হাতে জপমালা। চতুর্দোলাটি নানা ভাবে সাজানো হয়েছে। সামনে পেছনে অসংখ্য লাল পতাকা। অসংখ্য ঢুলি ঢোল বাজাতে বাজাতে চলেছে তাতে বোল উঠছে 'চূড়া যায় যম জিনতে।'

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)


# নিজের ইচ্ছেপূরণ করতে বামদলে থাকার দরকার নেই

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

আসানসোলের সিপিএম নেতা তথা প্রাক্তন সাংসদ বংশগোপাল চৌধুরীর ফেসবুক পোস্ট ঘিরে এবার পার্টিতে চর্চা তুঙ্গে। দলের রাজ্য সম্মেলনের আগে যা নিয়ে শুরু হয়েছে জোর বিতর্কও। চরম অস্বস্তিতে পড়েছে আলিমুদ্দিনও। সোশাল মিডিয়ায় বংশগোপাল পোস্ট করে লিখেছেন, 'এলাকার নেতাদের আগে বুঝতে হবে, নিজের এলাকা রাজ্য কমিটি পরিচালনা করে না।প্রসঙ্গত, ১৯৮৭ সালে প্রথম ভোটে দাঁড়িয়েই বিধায়ক হয়েছিলেন বংশগোপালবাবু। ২০০৫ সাল পর্যন্ত টানা বিধায়ক ছিলেন। আবার ২০১৪ সাল পর্যন্ত সাংসদ ছিলেন আসানসোলের। একদা বর্ধমান জেলায় পার্টির দক্ষ সংগঠক প্রাক্তন এই সাংসদ। ফলে ফেসবুক পোস্টে তিনি এই মন্তব্য করে কাকে নিশানা করতে চেয়েছেন, সেটা নিয়ে চর্চা শুরু হয়েছে পার্টিতে। আর যেদিন তিনি সমাজমাধ্যমে এই পোস্ট করেছেন, সেদিন কলকাতায় সিপিএমের রাজ্য কমিটির বৈঠকও ছিল। তাছাড়া রাজ্যে সিপিএমের জেলা সম্মেলন প্রায় শেষের মুখে। আগামী ২২ ফেব্রুয়ারি থেকে হুগলির ডানকুনিতে পার্টির রাজ্য সম্মেলন শুরু হচ্ছে। তার ঠিক আগে সিপিএমের প্রাক্তন সাংসদের এই পোস্টে বিদ্রোহের ছায়াই দেখছে রাজনৈতিক মহল। এ প্রসঙ্গে সিপিএমের এক শীর্ষনেতার বক্তব্য, ফেসবুক দেখে পার্টি

এরপর ৬ পাতায়

## শিবরাত্রি ব্রতের ব্যাখ্যা করেন মহাদেব স্বয়ং



-: মৃত্যুঞ্জয় সরদার :-

পৌরাণিক মতে ষোল সোমবারের ব্রতকথা একজনের থেকে অন্যজনের মুখে ছড়িয়ে পড়ে এবং তা পালন করে সকলেই উপকৃত হয়। জেনে নেওয়া যাক এই ব্রতের পেছনে প্রচলিত কাহিনী।মহাদেব একদিন মৃত্যুলোকে ঘুরতে ঘুরতে অমরাবতীকে এসে পৌঁছলেন।

ক্রমশঃ

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

(৩ পাতার পর)

# বিহারে বিজেপির ১২টা এমপি, বাংলাতেও একই, বাজেটে ওরা পেল, আমরা পেলাম না: অভিষেক

"নোটবন্দি থেকে বেকারত্ব, এই সরকারের আমলে কোনও প্রতিশ্রুতিই পূরণ হয়নি। এদের আমলে গরিব আরও গরিব হয়েছে, ধনী আরও ধনী হয়েছে। এরা সাধারণ মানুষ, বেকার ছেলেমেয়েদের জন্য কিছুই করেনি। ফলে এদের কাছে এসব আশা করা অন্যায়।"

কেন্দ্রের বাজেট নিয়ে এদিন সংসদে বক্তব্য রাখতে গিয়ে ডায়মন্ড হারবারের সাংসদ বলেন, "কেন্দ্রের এই বাজেট সোনার হরিণের মতো!" কেন একথা বলছেন, তার ব্যাখ্যাও তুলে ধরেন অভিষেক।

ডায়মন্ড হারবারের সাংসদ বলেন, "বিহারে বিজেপির ১২ জন সাংসদ, বাংলাতেও বারো। তবু বাজেটে বিহার পেল, বাংলা পেল না। কারণ, বাংলায় বিজেপি ক্ষমতায় আসতে পারেনি। তাই বাংলাকে বঞ্চিত করা হল। অন্যদিকে সামনে বিহারে বিধানসভার ভোট। ফলে কেন্দ্রের এবারের বাজেট থেকে স্পষ্ট দেশের মানুষের কথা ভেবে নয়, ভোটকে লক্ষ্য রেখেই মোদী সরকার বাজেট তৈরি করেছে।"দেশে যুক্তরাষ্ট্রীয় কাঠামোর নামে কেন্দ্র 'হাফ ফেডারেলিজম' চালাচ্ছে বলেও অভিযোগ করেন তিনি। মোদী সরকারের 'সবকা সাথ সবকা বিকাশ'কে তীব্র কটাক্ষ করে শ্লেষের সুরে অভিষেক এও বলেন, "কেন্দ্রীয় সরকার ক্ষুধিত শিশুর কথার চেয়ে প্রচার, হেডলাইন নিয়ে বেশি ভাবে!"

কিষাণ ক্রেডিট কার্ড থেকে বেটি পড়াও বেটি বাঁচাও, কর্ম সংস্থান- প্রতিটি ক্ষেত্রে পরিসংখ্যান তুলে ধরে এরপরই কেন্দ্রের বিরুদ্ধে জনবিরোধী কার্যকলাপের অভিযোগে সরব হন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক। অভিষেক বলেন, কিষাণ ক্রেডিট কার্ড চালু করে কৃষকদের সাহায্যের পরিবর্তে ঋণে ডোবাতে চাইছে মোদী সরকার। ভোটের আগে ন্যূনতম সহায়কমূল্যের প্রতিশ্রুতি দিয়েছিল। তাও পূরণ হয়নি।দেশে কর্ম সংস্থানের কোনও ব্যবস্থা হয়নি। দিনকে দিন বেকারত্বের সংখ্যা বেড়েই চলেছে। এদের প্রতিটি ঘোষণা হাফ ডেলিভারির মতো।কিষাণ ক্রেডিট কার্ড থেকে বেটি পড়াও বেটি বাঁচাও, কর্ম সংস্থান- প্রতিটি ক্ষেত্রে পরিসংখ্যান তুলে ধরে এরপরই কেন্দ্রের বিরুদ্ধে জনবিরোধী কার্যকলাপের অভিযোগে সরব হন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক। অভিষেক বলেন, কিষাণ ক্রেডিট কার্ড চালু করে কৃষকদের সাহায্যের পরিবর্তে ঋণে ডোবাতে চাইছে মোদী সরকার। ভোটের আগে ন্যূনতম সহায়কমূল্যের প্রতিশ্রুতি দিয়েছিল। তাও পূরণ হয়নি। দেশে কর্ম সংস্থানের কোনও ব্যবস্থা হয়নি। দিনকে দিন বেকারত্বের সংখ্যা বেড়েই চলেছে। এদের প্রতিটি ঘোষণা হাফ ডেলিভারির মতো।

একই সঙ্গে কেন্দ্রের বঞ্চনা সত্ত্বেও ক্ষুদ্র শিল্প, স্বাস্থ্য, গ্রামীণ সড়ক যোজনা-সহ বিভিন্ন ক্ষেত্রে বাংলা কীভাবে এগিয়ে চলেছে তারও পরিসংখ্যান এদিন সংসদে তুলে ধরেন ডায়মন্ড হারবারের সাংসদ। অভিষেকের কথায়, "বাংলার উন্নয়নকে রুখে দেওয়ার চেষ্টা হচ্ছে। সেজন্য কেন্দ্রের বাজেটে বাংলার জন্য উল্লেখযোগ্য একটিও আর্থিক

# ত্রিবেণী কুম্ভ মেলা এলাকা পরিদর্শন করলেন পুলিশ সুপার



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

**হুগলী :-** ত্রিবেনী কুম্ভমেলার মূল মঞ্চ তৈরীতে অখুশি পুলিশ সুপার,বাঁশের খুঁটি নয় শাল বল্লা দিয়ে মঞ্চ করার নির্দেশ।ডেকরেটরের থেকে ফিট সার্টিফিকেট পাওয়ার পরই মঞ্চ ব্যবহারের অনুমতি।কুম্ভে অপ্রীতিকর ঘটনা এড়াতে পুলিশ তার সেরাটা দেবে বললেন পুলিশ সুপার।ত্রিবেনী কুম্ভমেলায় এবার বাড়তি সতর্কতা নিচ্ছে প্রশাসন।প্রয়াগ কুম্ভের মত কোনো অপ্রীতিকর ঘটনা যাতে না ঘটে তার জন্য সব রকম ব্যবস্থা নেওয়া হচ্ছে।

আজ হুগলি গ্রামীন পুলিশ সুপার কামনাশিস সেন কুম্ভমেলার ঘাট মাঠ পরিদর্শন করেন।মেলা কমিটির উদ্যোক্তাদের সঙ্গে কথা বলেন।সপ্তর্ষি ঘাটের বিপরীতে শিবপুর ফুটবল মাঠে হচ্ছে কুম্ভের মূল মঞ্চ।যেখানে ভূমি পুজো করে কুম্ভের ধ্বজাতোলা হয়েছে। সেখানে সাংস্কৃতিক অনুষ্ঠান হবে। সাধুদের আখড়া পরবে ওই মাঠেই। প্রচুর পুন্যার্থীর ভীর জমবে। পুলিশ সুপার দেখেন কাটের পাটা দিয়ে বাঁশের খুঁটিতে মঞ্চ তৈরী করা হচ্ছে।যা খুব একটা শক্তপোক্ত নয়।আধিকারী ও মেলা কমিটিকে নির্দেশ দেন শালবল্লার খুঁটি দিয়ে ভালো করে মঞ্চ করতে হবে।ফিট সার্টিফিকেট মিললে তবেই ছাড়পত্র পাবে মঞ্চ।

পাশাপাশি পুলিশ সুপার বলেন,দশ তারিখ থেকে নো এন্ট্রি চালু করা হবে। প্রয়োজন মত তা শিথিল করা হবে।এলাকার সাধারন মানুষের যাতে কোনো অসুবিধা না হয় তা দেখা হবে।পাশাপাশি যারা কুম্ভ মেলায় যোগ দিতে আসবেন তারা যাতে কোনো সমস্যায় না পরেন সেটাও

এরপর ৬ পাতায়

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219 (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# হাসিনার বাড়িতে আগুন! ভারতে এসে কী বলছেন বাংলাদেশিরা?

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

কিছুতেই 'শান্তি' ফিরছে না বাংলাদেশে। হাত পড়েছে বঙ্গবন্ধুর বাড়িতেও। যদিও তুমুল বিতর্কের মধ্যে বাংলাদেশ সরকারের দাবি, জুলাই অভ্যুত্থান নিয়ে ভারতে বসে প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে মন্তব্য করছেন তা আসলে উস্কানিমূলক। তা থেকেই জনতার মধ্যে ক্ষোভের সঞ্চার হয়েছে। হাসিনার কথা উঠতেই অনেকেই আবার মুখে কার্যত কুলুপ আঁটলেন। ওপার থেকে আসা এক বাংলাদেশি নাগরিক যেমন বললেন, "হাসিনার বাড়ি তো আমাদের বাড়ির কাছে নয়। তাই অতো জানি না। আমরা তো ঘটনার কথা ভারতে এসে জানলাম।"



তবে বাংলাদেশ যে ভাল নেই তা মানছেন তিনি। খানিক উদ্বেগের সঙ্গেই বললেন, "সবাই শান্তি চায়। দেশ তো ভাল নেই। এবার শান্তি ফিরুক। এটাই চাই।" আর এক বাংলাদেশিরও একই কথা। তিনি আসছেন ফরিদপুর থেকে। ব্যবসা করে জীবিকা নির্বাহ করেন। তিনি আবার বলছেন, "ফরিদপুর ভালই আছে। হাসিনার বাড়ি ভাঙচুরের খবরটা এখানে আসার পথে দেখেছি। ফেসবুকে লাইভ দেখলাম।"বিবৃতি দিয়ে এ কথা বলছে সে দেশের অন্তবর্তী সরকার। এদিকে বাংলাদেশের অভ্যন্তরে নতুন করে আগুন জ্বলতেই উদ্বেগ বেড়েছে ভারত-বাংলাদেশ সীমান্তেও। এদিকে চিকিৎসা-সহ নানা প্রয়োজনে হাজার হাজার বাংলাদেশি প্রতি মাসেই এপার বাংলায় আসে। চিন্তা বেড়েছে তাঁদের মধ্যেও। প্রয়োজনে এপারে আসা বাংলাদেশিরা দ্রুত পেট্রাপোল সীমান্ত দিয়ে বাংলাদেশে ফিরে যাক। চাইছেন অনেকেই। সকলের একটাই কথা শান্তি চাই।

তবে অনেকে প্রকাশ্যে এ নিয়ে মুখ খুললেও, অনেকেই আবার একটু বিব্রত বোধ করলেন। যোশর থেকে বারাসতে মেয়ের বাড়ি এসেছিলেন বাংলাদেশি বৃদ্ধ। তাঁর কথায়, "আমরা রাজনীতি বুঝি না। তবে শান্তি চাই।"

## বিশেষ ধরনের ইস্পাতের জন্য পিএলআই প্রকল্পে বিনিয়োগ

**নয়াদিল্লি, ৭ ফেব্রুয়ারি, ২০২৫**

দেশে মূল্যবান ইস্পাত উৎপাদনে গতি আনতে আকর্ষণীয় বিনিয়োগের লক্ষ্যে বিশেষ ধরনের ইস্পাতের জন্য প্রোডাকশান লিঙ্কড ইনসেনটিভ(পিএলআই) প্রকল্পের সূচনা করা হয়েছে। ইস্পাত হল একটি নিয়ন্ত্রণমুক্ত ক্ষেত্র। বিনিয়োগ ও উৎপাদনের মতো সিদ্ধান্তগুলি প্রযুক্তি-বাণিজ্যিক বিষয়ের ওপর বিবেচনা করে নেওয়া হয়ে থাকে। এক্ষেত্রে যুক্ত কোম্পানিগুলি ২৭,১০৬ কোটি টাকা বিনিয়োগের প্রতিশ্রুতি দিয়েছে, যার মধ্যে ২০২৪ সালের ডিসেম্বর পর্যন্ত ১৮,৮৪৮ কোটি টাকা বিনিয়োগ করা হয়েছে। ২০২৪ সালের ডিসেম্বর পর্যন্ত ১,২৫৮,০০০ টন বিশেষ ধরনের ইস্পাত উৎপাদন হয়েছে।

রাজ্যসভায় আজ এক লিখিত উত্তরে এই তথ্য দিয়েছেন ইস্পাত এবং ভারী শিল্প প্রতিমন্ত্রী শ্রী ভূপতিরাজু শ্রীনিবাস ভর্মা।

(৫ পাতার পর)

## ত্রিবেণী কুম্ভ মেলা এলাকা পরিদর্শন করলেন পুলিশ সুপার

দেখা হবে।গতবারও পুলিশি নিরাপত্তা থেকে প্রশাসনিক ব্যবস্থা ভালো ছিলো ত্রিবেনীতে। এবার সেটা আরো ভালো করার জন্য সবরকম চেষ্টা চলছে।সব দপ্তরকে নিয়ে একাধিক বৈঠক হয়েছে।গতকাল মহকুমা শাসক অন্য আধিকারিকদের নিয়ে পরিদর্শন করেছেন।

রিফিউজি ক্যাম্পে নাগা সাধুদের রাখা যাবেনা জানিয়েছেন।তাদের জন্য আলাদা তাঁবুর ব্যবস্থা হবে।পুলিশ সুপার বলেন, অ্যাম্বুলেন্সের মত জরুরি গাড়ি চলার জন্য রাস্তা ছাড়া থাকবে।

মাধ্যমিক পরীক্ষা শুরু দশ তারিখ থেকে।সেদিকেও নজর রাখা হবে।প্রয়াগে যে দূর্ঘটনা হয়েছে। সেরকম যাতে ত্রিবেনীতে কিছু না হয় তার জন্য পুলিশ তার বেস্ট দিয়ে চেষ্টা করবে বলে জানান পুলিশ সুপার। ডেকরেটর মালিক অরুন কুমার ভট্টাচার্য জানান,চল্লিশ বাই কুড়ি ফুটের মঞ্চ তৈরী হচ্ছে।যেখানে চল্লিশ জনের বেশি লোক উঠলে বিপদ হতে পারে।পুলিশ সুপার যেমন বলেছেন তেমনই শালবল্লা দিয়ে করা হবে।কুম্ভমেলার আহ্বায়ক অভিনব দাস বলেন,সতর্কতা নিতে পুলিশ প্রশাসন যা বলছে আমরা করছি।মঞ্চ তৈরীর ক্ষেত্রেও সেটা হবে।ফিট সার্টিফিকেট ডেকরেটর দিলে আমরা পুলিশকে দিয়ে দেবো। আজকে এখানে উপস্থিত ছিলেন হুগলি গ্রামীণ পুলিশ সুপার কামনাশিষ সেন, সদর মহকুমা শাসক স্মিতা সান্যাল শুক্লা, বাঁশবেড়িয়া পৌরসভার পৌর প্রধান আদিত্য নিওগি, উপ-প্রধান শিল্পী চ্যাটার্জী সহ অন্যান্য ব্যক্তিবর্গ।

(৪ পাতার পর)

## নিজের ইচ্ছেপূরণ করতে বামদলে থাকার দরকার নেই

চলে না। তাই এর কোনও উত্তর নেই।নিজের ইচ্ছা পূরণ করতে বামপন্থী দলে থাকার দরকার নেই।" সিপিএম নেতার এই পোস্ট ঠিক কাকে উদ্দেশ করে, তা নিয়ে শুরু হয়েছে চর্চা। বংশগোপাল চৌধুরী শুধু প্রাক্তন মন্ত্রী নন, সাংসদও ছিলেন।

পার্টির মধ্যে চর্চা, প্রাক্তন সাংসদের নিশানায় কি সিপিএমের যুবনেত্রী মীনাক্ষী মুখোপাধ্যায়? নাকি বর্ধমানেরই আরেক নেতা আভাস রায়চৌধুরী? তাঁর পোস্টে একটা বিষয় স্পষ্ট, তিনি যাঁর উদ্দেশে করে কথাগুলি লিখেছেন, তিনি এলাকারই নেতা আবার রাজ্য কমিটিরও সদস্য। সেক্ষেত্রে মীনাক্ষী ও আভাস রায়চৌধুরীর নামটাই সর্বাগ্রে চর্চায় উঠে এসেছে। ফলে এটা নিয়ে প্রশ্ন রাজনৈতিক মহলেও।

# সিনেমার খবর cinema TV

## অনুষ্ঠান করতে গিয়ে হেনস্থার শিকার অভিনেতা বিশ্বনাথ



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

অনুষ্ঠানে করতে গিয়ে হেনস্তার শিকার টলিউড অভিনেতা বিশ্বনাথ বসু। পশ্চিম মেদিনীপুরের বেলদায় এক অনুষ্ঠান করতে গিয়ে হেনস্তার শিকার হয়েছেন তিনি। সম্প্রতি এই নিয়ে থানায় একটি লিখিত অভিযোগ দায়ের হয়েছে।

সম্প্রতি ঘটনাটি ঘটেছে বেলদা থানার জোড়াগেড়িয়া ফাঁড়ির অন্তর্গত পাহাড়িচক এলাকায়।

জানা গেছে, গত ২৫ জানুয়ারি রাতে পশ্চিম মেদিনীপুর জেলার বেলদা থানার জোড়াগেড়িয়া ফাঁড়ির অন্তর্গত পাহাড়িচক এলাকায় নেতাজি তরুণ সংঘ ক্লাবে অনুষ্ঠান করতে যান বিশ্বনাথ বসু। অনুষ্ঠান শুরু হওয়ার আগে তিনি নেতাজির আবক্ষ মূর্তিতে জুতা পরে মাল্যদান করেন। জুতো পরা অবস্থায় মাল্যদান দেখতে পেয়ে কমিটির সদস্যরা পুনরায় বিশ্বনাথ বসুকে জুতো খুলে মাল্যদান করার আবেদন করেন। কিন্তু মাল্যদান না করে অনুষ্ঠান মঞ্চে উঠে অনুষ্ঠান শুরু করেন।

অনুষ্ঠান শেষ হওয়ার পর কমিটির সদস্যরা ফের বিশ্বনাথ বসুকে মাল্যদান করার জন্য অনুরোধ করলে, তিনি কোনো কথা না বলে গাড়িতে উঠে পড়েন। অভিযোগ তখনই ক্লাবের সদস্যদের সঙ্গে তর্কবিতর্ক জড়িয়ে পড়েন তিনি। পাশাপাশি তার গাড়িও ভাঙচুর করা হয় বলে অভিযোগ। ঘটনার পর ২৬ জানুয়ারি বিশ্বনাথ বসু ওই ক্লাবের বিরুদ্ধে অসহযোগিতার অভিযোগ এং গাড়ি ভাঙচুর নিয়ে জোড়াগেড়িয়া ফাঁড়িতে অভিযোগ দায়ের করেন।

পুলিশ সূত্রে জানা গেছে, অভিযোগের পরিপ্রেক্ষিতে তদন্ত শুরু করা হয়েছে। তবে এই ঘটনায় এখনো পর্যন্ত কাউকে আটক কিংবা গ্রেফতার করা যায়নি।

অন্যদিকে, এ ব্যাপারে নেতাজি তরুণ সংঘ ক্লাবের সম্পাদক পল্লব মাইতি বলেন, নেতাজির মূর্তিতে জুাং পরে অভিনেতা মাল্যদান করেন, আমরা এর প্রতিবাদ করি। পরে তাকে জানাই যে, তিনি অনুষ্ঠান শেষে আবারও জুতা খুলে মাল্যদান করবেন। তখন তিনি অনুষ্ঠান মঞ্চ ছেড়ে চলে যেতে চাইলে আমরা আবার তাকে রিকোয়েস্ট করি, তবে তিনি শোনেননি। সাধারণ মানুষ ঘিরে উস্মা প্রকাশ করেন।

## শুটিং সেটে অক্ষয়কে সজোরে চড় মারেন ক্যাটরিনা

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

অক্ষয় কুমার ও ক্যাটরিনা কাইফ, একের পর এক ভালো সিনেমা রয়েছে এই জুটির দখলে। তবে তাদের শেষ একসঙ্গে দেখা গিয়েছে সূর্যবংশী সিনেমার সেটে। সেখানেই একে ওপরের সঙ্গে শেষবার কাজ করেন, তারপর থেকে এই জুটিকে আর পায়নি বলিউড।

রোহিত শেট্টির এই সিনেমা করোনাকালেও বক্স অফিসে ঝড় তুলেছিল। তবে এই সিনেমার শুটিং সেটে এমন কী ঘটে, যা নিয়ে বিভিন্ন মহলে আলোচনা থাকে তুঙ্গে?

যেখানে শোনা যায়, ক্যাটরিনা কাইফ নাকি সপাটে একটা চড় মেরে বসেন অক্ষয় কুমারের গালে। হঠাৎ এমন কী



হলো যার জন্য মেজাজ হারিয়ে ফেলেন ক্যাটরিনা? রহস্য ফাঁস হয় দ্য কপিল শর্মা শোতে। যেখানে এই জুটি এসে খোলসা করেছিলেন আসলে শুটিং সেটে ঠিক কী ঘটেছিল?

ক্যাটরিনা কাইফ ও অক্ষয় কুমারের উদ্দেশে প্রশ্ন করেন শোয়ের সঞ্চালক কপিল শর্মা। এই সিনেমায় দুই প্রকারের দৃশ্যই রয়েছে। রোম্যান্সও আছে, আবার অক্ষয় কুমারের গালে একটা চড় মারার দৃশ্যও রয়েছে। এরপরই প্রশ্ন করা হয় অক্ষয় কুমারের উদ্দেশে যে কোন দৃশ্যে বেশি রিটেক হয়েছিল?

অক্ষয় বলেন, রোম্যান্সের দৃশ্যে। কারণ চড়ের দৃশ্য একটা টেকেই গ্রহণ করে নেওয়া হয়েছিল। আসলে চড় যাতে আসল মনে হয়, তাই ক্যাটরিনা সত্যি সপাটে চড় মেরে দিয়েছিলেন অক্ষয় কুমারের গালে। যাতে হাত ও গালের মাঝে ফাঁক না বোঝা যায়। এরপরই চর্চা ওঠে তুঙ্গে। ঝড়ের গতিতে ভাইরাল হয়েছিল সেই ক্লিপিং। যদিও সবটাই হাসি ও মজার সঙ্গেই দর্শক দরবারে উপস্থাপনা করেছিলেন জুটি। তাদের মধ্যে কোনো মানঅভিমানের পালা তখনও ছিল না, বর্তমানেও নেই।

## করণ জোহারের যে আচরণে কথা বলা বন্ধ করেন কারিনা



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

ক্যারিয়ারের শুরু থেকেই কারিনা কাপুর খানের সঙ্গে করণ জোহারের গলায় গলায় ভাব। করণ জোহারের সিনেমা 'কাভি খুশি কাভি গাম'-এ যেভাবে কারিনাকে উপস্থাপনা করা হয়েছিল, তা এক কথায় বলতে গেলে সবার স্মৃতিতে আজও বর্তমান। তবে জানেন কি, কারিনার এই সিনেমার পরই করণের সঙ্গে দীর্ঘদিন কথা বলা বন্ধ রেখেছিলেন? অনেকেই হয়তো জানেন 'কাল হো না হো' সিনেমার প্রস্তাব গিয়েছিল কারিনার কাছে। তবে কেন তিনি সেই সিনেমা করেননি?

করিনা জানান, তিনি যখন 'কাভি খুশি কাভি গাম' সিনেমার প্রস্তাব গ্রহণ করেছিলেন, তাকে প্রায় তেমন কিছু টাকা দেওয়া হয়নি বললেই চলে। খুব সামান্যই পারিশ্রমিক পেয়েছিলেন তিনি। তবে তাকে কথা দেওয়া হয় যে, পরবর্তী সিনেমায় তা পুষিয়ে দেওয়া হবে।

শোনা যায়, কারিনা নাকি পরবর্তী সিনেমার প্রস্তাব পেয়ে শাহরুখ খান যে পরিমাণ পারিশ্রমিক পেয়েছিলেন, ঠিক তেমনই পারিশ্রমিক দাবি করেছিলেন। এতে করে করণ জোহার কোনো সায় দেননি বলেই দাবি করেন করিনা। এতে করে ওই সময় কারিনা 'মুঝসে দোস্তি করোগি' সিনেমার প্রস্তাব গ্রহণ করেন।

এরপর দীর্ঘদিন পর তিনি স্থির করেছিলেন যে, আবারও করণ জোহারের সঙ্গে কথা বলবেন। সব মিটমাট করে নিয়ে এখন আবারও তারা বলিউডের অন্যতম কাছের মানুষ।

# জুভেন্টাসের অধ্যায় শেষ করলেন দানিলো

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

জুভেন্টাসে দানিলোর সাড়ে পাঁচ বছরের অধ্যায় শেষ হয়ে গেল। আগামী জুন পর্যন্ত চুক্তির মেয়াদ থাকলেও ব্রাজিল জাতীয় দলের বর্তমান অধিনায়ক জানিয়ে দিয়েছেন, তিনি আর প্রিয় ক্লাবটিতে থাকছেন না।

পারস্পরিক সমঝোতায় ৩৩ বছর বয়সী এই ফুটবলারের চুক্তি বাতিল করা হয়েছে বলে জানিয়েছে ইতালিয়ান ক্লাবটি। দানিলোর চুক্তির মেয়াদ ছিল আগামী জুন পর্যন্ত। তার আগেই চলে গেলেন তিনি। জুভেন্টাসের হয়ে নিজের শেষ ম্যাচ খেলেন তিনি গত মাসে।

২০১৯ সালে ইতালিয়ান সিরিআর ক্লাবটির সঙ্গে চুক্তিবদ্ধ হয়ে ব্রাজিল তারকা খেলেছেন মোট ২১৩ ম্যাচ, গোল করেছেন ৯টি।


দানিলো


গতকাল সোমবার সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে আবেগঘন পোস্টের মাধ্যমে জুভেন্টাস ছাড়ার কথা জানান দানিলো। দানিলো লেখেন, 'প্রিয় বিয়ানকোনেরি, আমি কোথা থেকে শুরু করবো, সত্যিই বুঝতে পারছি না। আমি জানতাম, এই দিনটা একদিন আসবে। কিন্তু বিদায় জানানোর জন্য কেউই কখনও পুরোপুরি প্রস্তুত থাকে না। পাঁচ বছর ছয় মাস কেটে গেছে। কিন্তু আমার কাছে মনে হয় যেন পুরো একটা জীবন কেটেছে।'

ব্রাজিলিয়ান তারকা আরও লেখেন, 'যা আমাকে কিছুটা গর্বের অনুভূতি দেয়, তা হলো আমি কখনো আমার নিজের থাকার ধরণ বদলাইনি। আমার জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ ক্লাবটিকে রক্ষার উপায়ও বদলাইনি।'

ভক্তদের উদ্দেশে দানিলো লেখেন, 'সেসব মুহূর্তের জন্য ক্ষমা চাই, যখন হয়তো আপনাদের নিরাশ করেছি। তবে সেটা কখনোই প্রচেষ্টা, নিষ্ঠা বা কঠোর পরিশ্রমের অভাবে নয়...। সবকিছুর জন্য ধন্যবাদ। একজন অধিনায়কের পক্ষ থেকে আপনাদের জন্য এক মুঠো ভালোবাসা। বিদায়!'

২০১৯-২০২০ মৌসুমে জুভেন্টাসকে সিরিআর শিরোপা জেতান দানিলো। এছাড়া ক্লাবটির হয়ে দুটি ইতালিয়ান কাপ ও একটি ইতালিয়ান সুপার কাপ জেতেন ২০১৮ ও ২০২২ বিশ্বকাপে ব্রাজিল স্কোয়াডে থাকা তারকা। জুভেন্টাসের আগে স্প্যানিশ লা লিগার ক্লাব রিয়াল মাদ্রিদ ও ইংলিশ প্রিমিয়ার লিগের ক্লাব ম্যানচেস্টার সিটিতে খেলেছেন দানিলো।

# অ্যাস্টন ভিলায় যোগ দিতে পারেন ফেলিক্স



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

অনেকটা যাযাবরের মতো সময় কাটছে জোয়াও ফেলিক্সের। গত দুই বছরে খেলে ফেলেছেন তিনটি ক্লাবের হয়ে। সেই সংখ্যাটা আরও বাড়তে পারে এই জানুয়ারিতেই। চেলসি থেকে ধারে অ্যাস্টন ভিলায় যাওয়ার কথা ভাবছেন তিনি। এমন সংবাদই ফলাও করে ছাপিয়েছে আন্তর্জাতিক সংবাদমাধ্যমগুলো।

ইংলিশ গণমাধ্যমের মতে, অ্যাস্টন ভিলার কোচ উনাই এমেরির আক্রমণাত্মক কৌশলের সঙ্গে সহজেই মানিয়ে নিতে পারবেন ফেলিক্স, যা চেলসির কোচ এনজো মায়েরস্কার সঙ্গে করতে ব্যর্থ হয়েছেন। ফেলিক্সও এমনটাই ভাবছেন বলে জানিয়েছে সংবাদমাধ্যমগুলো।

সম্প্রতি ইতালীয় কোচ এনজো মায়েরস্কা সংবাদ সম্মেলনে জানান, এনকুঙ্কু এবং ফেলিক্স দুজনই শীর্ষ মানের খেলোয়াড়। তবে সমস্যাটা হলো, তিনি নিজের পরিকল্পনায় একমাত্র আক্রমণাত্মক মিডফিল্ডার হিসেবে কোল পামারকে ব্যবহার করছেন। ফলে, ফেলিক্স এবং এনকুঙ্কু প্রত্যাশিত সময় পাচ্ছেন না মাঠে।

এদিকে, এফএ কাপের তৃতীয় রাউন্ডে মোরক্যাম্বের বিপক্ষে দুর্দান্ত একটি গোল করার পরও তেমন উদযাপন করেননি ফেলিক্স। মাঠে পর্যাপ্ত সময় না পাওয়ায় যে তিনি বিরক্ত তা ফুটে উঠেছে তার অভিব্যক্তিতে। ২৫ বছর বয়সী এই খেলোয়াড়কে "ছোট ম্যাচের খেলোয়াড়" হিসেবে বর্ণনা করেছে ডেইলি টেলিগ্রাফ।

একসময় ফেলিক্স ছিলেন বিশ্ব রেকর্ডধারী টিনএজ ট্রান্সফার। ২০১৯ সালে বেনফিকা থেকে ১১৩ মিলিয়ন পাউন্ডের বিনিময়ে যোগ দেন অ্যাতলেতিকো মাদ্রিদে। তবে সেই বড় মূল্য ট্যাগের প্রতিদান দিতে ব্যর্থ হন। টানা ব্যর্থতায় ২০২৩ সালে প্রথমবার চেলসিতে ধারে যোগ দেন। তবে স্ট্যামফোর্ড ব্রিজে দ্বিতীয় মেয়াদে মাত্র তিনটি লিগ ম্যাচে শুরুর একাদশে ছিলেন এই পর্তুগিজ।

তবে ফেলিক্স ছাড়াও, অ্যাস্টন ভিলার নজরে রয়েছেন চেলসির ডিফেন্ডার অ্যাক্সেল ডিজাসি এবং ভিয়ারিয়ালের হুয়ান ফয়থও। অন্যদিকে, সম্ভাব্য দলত্যাগকারীদের মধ্যে রয়েছেন জন ডুরান। সৌদি আরবের প্রস্তাব প্রত্যাখ্যান করলেও, আর্সেনালের মতো ক্লাব তাঁকে দলে ভেড়ানোর চেষ্টা করছে, যারা আক্রমণাত্মক প্রোফাইলের খেলোয়াড় খুঁজছে।

# আইসিসির বর্ষসেরা ক্রিকেটার বুমরাহ

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

একদিন আগেই আইসিসির বর্ষসেরা টেস্ট ক্রিকেটার নির্বাচিত হয়েছেন জাসপ্রিত বুমরাহ। এবার সব ফরম্যাট মিলিয়েই বর্ষসেরা ক্রিকেটার হলেন এই ভারতীয় পেসার। তিনি প্রথমবারের মতো জিতলেন মর্যাদার 'স্যার গ্যারফিল্ড সোবার্স ট্রফি'।

২০২৪ সালে তিন ফরম্যাটের পারফরম্যান্স বিবেচনায় বুমরাহই যে পুরস্কারটি পেতে যাচ্ছেন, তা একপ্রকার নিশ্চিতই ছিল। মঙ্গলবার সেটিই আনুষ্ঠানিকভাবে নিজেদের ওয়েবসাইটে ঘোষণা করেছে আইসিসি।

গণমাধ্যম প্রতিনিধি, আইসিসি ভোটিং একাডেমি এবং সমর্থকদের ভোটে নির্বাচিত



২০২৪ সালের বর্ষসেরা পুরুষ ক্রিকেটারের নাম মঙ্গলবার প্রকাশ করেছে আইসিসি।

সেরার লড়াইয়ে বুমরাহ হারিয়েছেন ইংল্যান্ডের জো রুট, হ্যারি ব্রুক ও অস্ট্রেলিয়ার ট্রাভিস হেডকে।

ভারতের প্রথম পেসার ও পঞ্চম ক্রিকেটার হিসেবে এই স্বীকৃতি পেলেন বুমরাহ। ২০০৪ সালে রাহুল দ্রাবিড়, ২০১০ সালে শচীন টেন্ডুলকার, ২০১৬ সালে রবিচন্দ্রন অশ্বিন, ২০১৭ ও ২০১৮ সালে বিরাট কোহলি পুরস্কারটি পান।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR